# পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯
(সংশোধিত-২০১৫)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তনঃ

(1) এই নীতিমালা ''পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯'' নামে অভিহিত হইবে।

(2) এই নীতিমালা ২০09 সালে পুনঃপ্রবর্তিত ''পরিবার সঞ্চয়পত্রের'' ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(3) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(1) ''ইস্যু অফিস'' বলিতে বাংলাদেম ব্যাংক, সকল বাণিজ্যিক ব্যাংক, ডাকঘর, জাতীয় সঞ্চয় ব্যুরো ও উহাদের যে কোন শাখা অফিসকে বুঝাইবে।

(2) ''ফরম'' বলিতে এই নীতিমালার সহিত সংযোজিত সঞ্চপত্র ক্রয়ের ফরম বুঝাইবে।

(3) ''মাস বলিতে ইংরেজী ক্যালেন্ডারের হিসাবে মাস বুঝাইবে।

(4) ''সঞ্চয়পত্র'' বলিতে পরিবার সঞ্চয়পত্র'' বুঝাইবে।

৩। সঞ্চয়পত্র ক্রয়ের যোগ্যতাঃ

১৮ (আঠার) এবং তদুর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী মহিলা, যে কোন বাংলাদেশী শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ও মহিলা) এবং ৬৫ (পঁয়ষট্টি) ও তদুর্ধ্ব বয়সের বয়োজ্যেষ্ঠ যে কোন বাংলাদেশী নাগরিক (পুরুষ ও মহিলা) নির্ধারিত ফরমে এই সঞ্চয়পত্র ক্রয়ের আবেদন করিতে পারিবেন। একক নামে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকার এই সঞ্চয়পত্র ক্রয় করিতে পারিবেন। এই সঞ্চয়পত্র যুগ্ম নামে ক্রয় করা যাইবে না, এবং ইহাতে প্রতিষ্ঠানের টাকাও খাটানো যাইবে না।

৪। মেয়াদঃ সঞ্চয়পত্রের মেয়াদ ৫ (বৎসর) হইবে।

৫। মূল্যমানঃ সঞ্চয়পত্রের মূল্যমান হইবে ১০ (দশ) হাজার টাকা, ২০ (বিশ) হাজার টাকা, ৫০ (পঞ্চাশ) হাজার টাকা, ১ (এক) লক্ষ টাকা এবং ৫ (পাঁচ) লক্ষ টাকা এবং ১০(দশ) লক্ষ টাকা।

---

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ নং প্রজ্ঞাপনের মাধ্যমে অনুচ্ছেদ -১ সংশোধন করা হয়েছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ নং প্রজ্ঞাপনের মাধ্যমে অনুচ্ছেদ - ২ সংশোধন করা হয়েছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ নং প্রজ্ঞাপনের এর মাধ্যমে অনুচ্ছে - ৩ সংশোধন করা হয়েছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ নং প্রজ্ঞাপনের এর মাধ্যমে অনুচ্ছেদ - ৩ সংশোধন করা হয়েছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১২/০৯/২০১২খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়-০১/২০১২/২৭২ নং প্রজ্ঞাপনের এর মাধ্যমে অনুচ্ছেদ - ৩ সংশোধন করা হয়েছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ ও ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ নং প্রজ্ঞাপনের এর মাধ্যমে অনুচ্ছেদ- ৫ সংশোধন করা হয়েছে।

৬। মুনাফাঃ

(1) মুনাফার হারঃ ১১.৫২% মেয়াদান্তে। পরিবার সঞ্চয়পত্রের বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার নিম্নোক্ত ছক-১ অনুযায়ী প্রদেয় হইবেঃ

ছক-১ঃ পরিবার সঞ্চয়পত্রে বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার

| নগদায়ন কাল | মুনাফার হার |
|---|---|
| ১ | ২ |
| ১ম বছরান্তে | ৯.৫০% |
| ২য় বছরান্তে | ১০.০০% |
| ৩য় বছরান্তে | ১০.৫০% |
| ৪র্থ বছরান্তে | ১১.০০% |
| ৫ম বছরান্তে | ১১.৫২% |

টীকা: (১) পূর্ণমেয়াদের জন্য ১ (এক) লক্ষ টাকায় প্রতি মাসে মুনাফার কিসিত্ম সর্বোচ্চ ১১.৫২% হারে টাকা ৯,৬০.০০ (নয়শত ষাট) মাত্র প্রদেয় হইবে। প্রযোজ্য ক্ষেত্রে উৎসে আয়কর/লেভী কর্তন হইবে। কিন্তু যে ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে বিনিয়োগকৃত টাকা উত্তোলন করা হইবে, সে ক্ষেত্রে উপরের ছক-১ (পরিবার সঞ্চয়পত্রে বছরভিত্তিক প্রদেয় মুনাফার হার)-এ প্রদর্শিত বছরভিত্তিক হারে মুনাফা প্রদেয় হইবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হইয়া থাকিলে উহা মূল টাকা হইতে কর্তন করিয়া সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করিতে হইবে।

**টীকা. (২)**ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০৫/২০১৫খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন নং ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ)/১৪৫ এর মাধ্যমে বাতিল করা হয়েছে।

(2) বিভিন্ন মূল্যমানের পরিবার সঞ্চয়পত্রের মুনাফার পরিমাণ নিম্নরূপ হইবে-

ছক-১ (ক) : বিভিন্ন মূল্যমানের সঞ্চয়পত্রে মাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণঃ

| বিনিয়োগের পরিমাণ (টাকায়) | মাসিক ভিত্তিতে প্রদেয় মুনাফার পরিমাণ (টাকায়) |
|---|---|
| ১ | ২ |
| (ক) ১০,০০০/- | ৯৬.০০ |
| (খ) ২০,০০০/- | ১৯২.০০ |
| (গ) ৫০,০০০/- | ৪৮০.০০ |
| (ঘ) ১,০০,০০০/- | ৯৬০.০০ |
| (ঙ) ২,০০,০০০/- | ১,৯২০.০০ |
| (চ) ৫,০০,০০০/- | ৪,৮০০.০০ |
| (ছ) ১০,০০,০০০/- | ৯,৬০০.০০ |

টীকা: (১) মাসিক মুনাফা উত্তোলনের পর ৫(পাঁচ) বছর মেয়াদ শেষে মূল বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া যাইবে।

( ৩) পরিবার সঞ্চয়পত্রে মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে গৃহীত মাসিক মুনাফা কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ ফেরত দেওয়া হইবে। ১(এক) লক্ষ টাকার পরিবার সঞ্চয়পত্র ক্রয় করিয়া মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করিলে নিম্নোক্ত ছক-১(খ) মোতাবেক অর্থ ফেরত পাওয়া যাইবে-

ছক-১(খ): পরিবার সঞ্চয়পত্রে মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে ১(এক)লক্ষ টাকায় ফেরৎযোগ্য টাকার পরিমাণ-

| সময়সীমা | মাসিক মুনাফা উঠাইয়া বিনিয়োকৃত অর্থ ফেরত গ্রহণ করিলে প্রাপ্য টাকার পরিমাণ |
|---|---|
| ১ম বৎসর চলাকালীন | ১,০০,০০০-গৃহীত মুনাফা |
| ২য় বৎসর চলাকালীন | ১,০৯,৫০০-গৃহীত মুনাফা |
| ৩য় বৎসর চলাকালীন | ১,২০,০০০-গৃহীত মুনাফা |
| ৪র্থ বৎসর চলাকালীন | ১,৩১,৫০০-গৃহীত মুনাফা |
| ৫ম বৎসর চলাকালীন | ১,৪৪,০০০-গৃহীত মুনাফা |

---

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে। ।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬/০৮/২০১১খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০৩/৯৭(অংশ)/১৬৬ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর
* উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে। ।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০২/২০১২খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০৩/৯৭(অংশ)/৫৩ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে। ।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০৫/২০১৫খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ)/১৪৫ এর মাধ্যমে অনুচ্ছেদ - ৬ এর উপানুচ্ছেদ (১) (২) (৩) সংশোধনপূর্বক মুনাফার হার পুনঃনির্ধারণ করা হয়েছে।

৭। **আয়করঃ** সঞ্চয় স্কীমের মুনাফার উপর আরোপিত উৎসে আয়কর কর্তন বহাল থাকিবে।

৮। ক্রয় পদ্ধতি ও নিবন্ধনঃ

(1) নির্ধারিত ফরম ফরণ করিয়া ইস্যু অফিসে নগদ অর্থ বা চেকের মাধ্যমে এই সঞ্চয়পত্র ক্রয় করা যাইবে। চেকের মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয় করিলে চেকে উল্লেখিত অর্থ সংগ্রহের তারিখে সঞ্চয়পত্র ইস্যু করা হইবে।

(2) ইস্যু অফিস বিনিয়োগকারীর নাম, ঠিকানা ও তৎকর্তৃক ক্রয়কৃত সঞ্চপত্রের বিবরণাদি এতদুদ্দেশ্যে রক্ষিত একটি রেজিস্টারে নিবন্ধন করিবে।

৯। নগদায়ন পদ্ধতিঃ

বিনিয়োগকারী সঞ্চয়পত্রের কুপনের নির্দিষ্ট স্থানে অর্থ প্রাপ্তি স্বীকারপূর্বক দসত্মখত দিয়া, বিনিয়োগের ১ (এক) মাস পর হইতে কুপনের মাধ্যমে মাসিক মুনাফা গ্রহণ করিতে পারিবেন এবং মেয়াদ শেষে বিনিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৬(১) অনুযায়ী প্রাপ্য মুনাফাসহ বিনিয়োগকৃত অথ্য গ্রহণ করিতে পারবেন।

বিনিয়োগকারীর অসামর্থ্যের কারণে তাহার মনোনীত ব্যক্তি শুধুমাত্র মুনাফা গ্রহণ করিতে পারিবেন। এই ক্ষেত্রে মনোনীত ব্যক্তির দসত্মখত বিনিয়োগকারী কর্তৃক সত্যায়িত করিতে হইবে।

যে ইস্যু অফিস হইতে সঞ্চয়পত্র ক্রয় করা হয়, সেই ইস্যু অফিস হইতে অন্য ইস্যু অপিসে (একই প্রতিষ্ঠানের) নিবন্ধন হস্তান্তর করিয়া সঞ্চয়পত্রের অর্থ গ্রহণ করা যাইবে।

১০। মনোনয়নঃ

(1) বিনিয়োগকারী যে কোন এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবেন এবং বিনিয়োগকারীর মৃত্যুর ক্ষেত্রে এইরুপ মনোনয়ন কার্যকর হইবে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৪/০২/১৯৯৭খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-৬/৯৬/৫ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১১/০৮/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২০১ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬/০৮/২০১১খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০৩/৯৭(অংশ)/১৬৬ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০২/২০১২খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০৩/৯৭(অংশ)/৫৩ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৩/০৫/২০১৫খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ)/১৪৫ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৭ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৮ সংশোধিত হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ- ৯ সংশোধিত হইয়াছে।

(২) বিনিয়োগকৃত অর্থের সম্পূর্ণ অথবা আংশবিশেষের জন্য মনোনয়ন প্রদান করা যাইবে।

(৩) বিনিয়োগের সময় মনোনয়ন প্রদান না করিলে পরবর্তী সময়েও বিনিয়োগকারী ইচ্ছা করিলে মনোনয়ন প্রদান করিতে পারিবেন

(৪) বিনিয়োগকারী ইচ্ছা করিলে যে কোন সময় মনোনয়ন পরিবর্তন বা বাতিল করিতে পারিবেন।

(৫) বিনিয়োগকারী র পূর্বে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণের মৃত্যু হইলে সংশিস্নষ্ট মৃত ব্যক্তির ক্ষেত্রে উক্ত মনোনয়ন বাতিল বলিয়া গণ্য হইবে।

(6) যথাযথ মনোনয়ন ব্যতিরেকে বিনিয়োগকারী মৃত্যুবরন করিলে তাহার ওয়ারিশ বা ওয়ারিশগণ তাহার প্রতি প্রযোজ্য পার্সোনাল ল' অনুযায়ী মুনাফাসহ বিনিয়োগকৃত অর্থ পাইবার অধিকারী হইবেন।

(7) বিনিয়োগকারীর মৃত্যুর পর নমিনী বা উত্তরাধিকারী ইচ্ছা করিলে বিনিয়োগকারীর মৃত্যুর তারিখ পর্যন্ত প্রাপ্য টাকা গ্রহণ করিয়া প্রকল্প বন্ধ করিতে পারিবেন অথবা সঞ্চয়পত্রের মেয়াদ পর্যন্ত প্রকল্প চালূ রাখিয়া নির্ধারিত হারে মুনাফা উত্তোলন করিতে পারিবেন

১১। **সঞ্চয়পত্র হারানো ইত্যাদির ক্ষেত্রেঃ**

(1) সঞ্চয়পত্র হারাইয়া গেলে, চুরি হইয়া গেলে কিংবা পুড়িয়া অথবা নষ্ট হইয়া গেলে সংশিস্নষ্ট ইস্যু অফিস কর্তৃক উহার পরিবর্তে ডুপিস্নকেট সঞ্চয়পত্র ইস্যু করা হইবে।

(2) সঞ্চয়পত্র হারানো, চুরি হওয়া, পুড়িয়া কিংবা নষ্ট হওয়ার ক্ষেত্রে থানায় প্রদত্ত তৎসম্পর্কিত এজাহার (জিডিএন্টি) এর সত্যায়িত কপি, দৈনিক সংবাদপত্রে প্রকাশিত হারানো বিজ্ঞপ্তির কপিসহ ''ডুপিস্নকেট সঞ্চয়পত্র'' ইস্যুর জন্য দরখাসত্ম করিতে হইবে। সঞ্চয়পত্র হারানোর বিষয়ে একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের সামনে প্রদত্ত একটি এফিডেভিট ও ইনডেমনিটি বন্ড আবেদনপত্রের সংগে জমা দিতে হইবে।

(3) আবেদনপত্র ও সংশিস্নষ্ট কাগজপত্র গৃহিত হওয়ার এক মাস পর ''ডুপিস্নকেট সঞ্চয়পত্র'' ইস্যু করা হইবে। মূল সঞ্চয়পত্রের ইস্যুর তারিখই ডুপিস্নকেট সঞ্চয়পত্রের ইস্যুর তারিখ হইবে।

১২। অন্যান্য শর্তাবলীঃ

(1) পরিবার সঞ্চয়পত্র ব্যাংক ঋণের জন্য জামানত/আমানত হিসাবে ব্যবহার করা যাইবে না।

(2) ব্যবসা-বাণিজ্যে পরিবার সঞ্চয়পত্র জামানত হিসাবে ব্যবহার করা যাইবে না।

(3) ''সঞ্চয়পত্র ক্রয় ফরমে জাতীয় পরিচয়পত্রের নম্বর অন্তর্ভূক্তি এবং কর্তৃপক্ষকে উহা প্রদর্শন বাধ্যতামূলক। ক্রেতা জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করিতে অপারগ হইলে সেই ক্ষেত্রে পাসপোর্টে অথবা জন্মনিবন্ধন সনদের নম্বর অন্তর্ভূক্তি এবং কর্তৃপক্ষকে উহা প্রদর্শন বাধ্যতামূলক হইবে।''

১৩। অসুবিধা দূরীকরণঃ এই নীতিমালায় উল্লেখিত নাই এমন কোন বিষয়ে কোন প্রশ্ন উত্থাপিত হইলে সংশিস্নষ্ট ক্ষেত্রে Sanchayapatra Rules, 1977 (Amended upto June, 2002) অনুযায়ী প্রয়োজনীয় অভিযোজন প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
ড. নাসিরউদ্দীন আহমেদ
সচিব।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ-১০ এর উপানুচ্ছেদ (৭) সংশোধন করা হয়েছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ-১১এর উপানুচ্ছেদ (২) সংশোধন করা হইয়াছে।

* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ-১১এর উপানুচ্ছেদ (৩) সংশোধন করা হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৮/১১/২০০৯খ্রিঃ তারিখের-অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৭৪ এর মাধ্যমে অনুচ্ছেদ-১২ ও ১৩ সংযোজন করা হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/০৬/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/১৪৯ এর মাধ্যমে অনুচ্ছেদ - ১২ এ উপানুচ্ছেদ ৩ সংযোজন করা হইয়াছে।
* অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১/১০/২০১০খ্রিঃ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-০২/২০০৯/২৫৬ এর মাধ্যমে অনুচ্ছেদ - ১২ এর উপানুচ্ছেদ ৩ সংশোধন করা হইয়াছে।